দর্শনা-গেদে সড়ক ও স্থল পথে ভিসা চালুর দাবিতে গণ জামায়েত

২৫ জেলার জনগণের ভোগান্তি লাঘব ও বাংলাদেশ-ভারত সম্পর্ক সুদৃঢ় করার লক্ষ্যে অবিলম্বে দর্শনা-গেদে সড়ক স্হল পথে ভিসা চালুর দাবিতে গণ জামায়েত অনুষ্ঠিত হয়েছে।

দর্শনা নাগরিক কমিটির উদ্যোগে গতকাল শনিবার সকাল ১০ ঘটিকার সময় দর্শনা আন্তর্জাতিক রেল স্টেশন বন্দর চত্বরে এই গণ জমায়েত অনুষ্ঠিত হয়।

উক্ত গন জমায়েতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক বীর মুক্তিযোদ্ধা আজাদুল ইসলাম আজাদ এসময় আরো উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও নবনির্বাচিত চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান মাহফুজুর রহমান মনজু, জীবননগর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আব্দুল লতিফ অমল, দর্শনা পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মনসুর বাবু, জীবননগর উপজেলা আ.লীগের সাধারণ সম্পাদক আবু মো. আব্দুল লতিফ অমল, দর্শনা গনউন্নয়ন পাঠাগারের (সিডিএল) পরিচালক কবি আবু সুফিয়ান, জীবননগর প্রেসক্লাবের সভাপতি মুন্সি মাহবুবুর রহমান বাবু,

সাংবাদিক সালাউদ্দিন কাজল, দর্শনার প্রবীন সাংবাদিক মাহফুজ উদ্দিন খান, দর্শনা প্রেসক্লাবের সাবেক সভাপতি ও সাংবাদিক সমিতির সভাপতি মনিরুজ্জামান ধীরু,

দর্শনা পৌর আওয়ামী লীগের সহ-সভাপতি বীর মুক্তিযোদ্ধা মোঃ রুস্তম আলী, বিশিষ্ট সিএন্ডএফ ব্যবসায়ী আতিয়ার রহমান হাবু, বাংলাদেশ পূজা উদযাপন পরিষদ চুয়াডাঙ্গা জেলা শাখার সাধারণ সম্পাদক কিশোর কুমার কুন্ড,দর্শনা নাগরিক কমিটির আহ্বায়ক ও দর্শনা পৌর আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক-মোঃ গোলাম ফারুক আরিফ সহ দর্শনা নাগরিক কমিটির সদস্যবৃন্দ, সাংবাদিকবৃন্দ সহ স্থানীয় জনসাধারণ ২০০-২৫০ জন উপস্থিত ছিলেন।